# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১


তারিখ: ৩১.০৮. ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

### পাবিপ্রবি'র সিএসই বিভাগ নবীনবরণ ও বিদায় অনুষ্ঠান করল

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ১৭তম ব্যাচের নবীনবরণ ও ১২তম ব্যাচের বিদায় অনুষ্ঠান গতকাল শনিবার (৩০ আগস্ট) সন্ধ্যায় সম্পন্ন হয়েছে। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান।

বিভাগের চেয়ারম্যান ড. আব্দুর রহিমের সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. শেখ রাসেল আল আহম্মেদ, বিভাগের সকল শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, আজ থেকে তোমাদের দায়বদ্ধতা আরও অনেক বেড়ে গেল। জুনিয়রদের সাথে তোমারা আন্তরিকতা বাড়াবে। তাদেরকে যেকোনো প্রয়োজনে সহযোগিতা করবে। তিনি আরও বলেন, চাকরিতে কম সিজিপিএ পাওয়া শিক্ষার্থীরা বেশিরভাগ ক্ষেত্রে আগে চাকরিতে প্রবেশ করে। বিভিন্ন ধরনের নলেজ দেওয়া হয় বিশ্ববিদ্যালয়ে। তোমাদের নতুন অনেককিছু শিখতে হবে। সারাজীবন শেখার মধ্যে থাকতে হবে। কোনো একটা ফিল্ডে ভালোভাবে ফোকাস করতে হবে এবং সেখান থেকেই সফলতা আসবে। মাদকসহ সকল ধরনের খারাপ কাজ হতে দূরে থাকতে হবে।"

অনুষ্ঠান বিকালে শুরু হয়ে রাতে পর্যন্ত সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শেষ হয়।

৩১.০৮.২০২৫
(মো. বাবুল হোসেন)
সহকারী পরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।